

আফগানিস্তানের জাতীয় নিরাপত্তা উপদেষ্টার ভারত সফর

জাতীয় নিরাপত্তা উপদেষ্টা(এনএসএ) শ্রী অজিত ডোভালের আমন্ত্রণে আফগানিস্তান ইসলামিক প্রজাতন্ত্রের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা মিঃ হানিফ আতমার ৮-৯ নভেম্বর ২০১৫ ভারত সফর করেন। এনএসএর সংগে বৈঠক করা ছাড়াও তিনি সম্মানীয় প্রতিরক্ষা মন্ত্রীর সংগে সাক্ষাৎ করেন এবং বিদেশসচিব ডঃ এস জয়শংকরের সংগেও মিলিত হন ও ইনস্টিটিউট অব ডিফেন্স স্টাডিস অ্যান্ড অ্যানালিসিস দ্বারা আয়োজিত এক আলোচনাচক্রে অংশ গ্রহণ করেন।

ভারতীয় মধ্যস্থতাকারীরা মিঃ আতমারকে একটি ঐক্যবদ্ধ,সার্বভৌম,গণতান্ত্রিক,স্থায়ী এবং সমৃদ্ধশালী আফগানিস্তান গড়তে ভারতের দায়বদ্ধতা সম্পর্কে আশ্বস্ত করেন। মিঃ আতমারও ভারতের পক্ষ থেকে নির্ভরযোগ্য ও ভবিষ্যত প্রয়োজন অনুযায়ী সহযোগিতার বিষয়ে তাঁদের দেশের নেতৃত্বের, আফগান সরকার ও সেদেশের জনতার সন্তোষের কথা ব্যাকতো করেন।

এই সফরে উভয়পক্ষ আঞ্চলিক নিরাপত্তার বিভিন্ন দিক,বিশেষ করে এই অঞ্চলের স্থায়ীত্ব ও শান্তি বিঘ্নকারী সন্ত্রাসবাদী কার্যকলাপ বিষয়ে আলোচনা করেন। আফগানিস্তানের নিরাপত্তা বজায় রাখা এবং সবধরনের সন্ত্রাসবাদী কার্যকলাপ মোকাবিলার জন্য প্রতিরক্ষা সামর্থ্য সুদৃঢ় করার লক্ষ্যে ভারত ও আফগানিস্তানের মধ্যে সহযোগিতা নিয়ে বিশদ আলোচনা হয়।

নয়াদিল্লি

১০ নভেম্বর ২০১৫